

- (৫) প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগী গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিল উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৬) প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগী গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৭) প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদি (পণ্য, অবকাঠামো ও সেবা) পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৮) প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৯) প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের ফলে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী কি পরিবর্তন হয়েছে তা বিভিন্ন জাতীয়/স্থানীয় তথ্যে (প্রয়োজ্য ক্ষেত্রে) এবং বেজলাই সার্ভের (যদি থাকে) আলোকে তুলনামূলক পর্যালোচনা করা;
- (১০) প্রকল্পের BCR ও IRR অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (১১) প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই হয়েছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (১২) প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম, বাস্তবায়ন পদ্ধতি, সৃষ্টি সুবিধাদি, সৃষ্ট সুবিধাদি টেকসই বিষয়ক ও সৃষ্ট সুবিধাদি পরিচালনা ইত্যাদির SWOT ANALYSIS;
- (১৩) উল্লিখিত পর্যালোচনার ভিত্তিতে সার্বিক পর্যবেক্ষণ এবং প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;
- (১৪) প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করতে হবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে বাংলা ও ইংরেজী ভাষা বিশেষজ্ঞ দ্বারা পরীক্ষাতে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;
- (১৫) প্রকল্পের ঘোষিত লক্ষ্য, উদ্দেশ্য অর্জনের ক্ষেত্রে কতটা কাঙ্ক্ষিত অগ্রগতি হয়েছে সে সম্পর্কে পর্যালোচনা ও পর্যবেক্ষণ প্রতিবেদনে উল্লেখ করতে হবে;
- (১৬) প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করতে হবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে বাংলা ও ইংরেজী ভাষা বিশেষজ্ঞ দ্বারা পরীক্ষাতে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;
- (১৭) প্রকল্প ব্যবস্থাপনা: প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প সমীক্ষা তত্ত্বাবধান কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (১৮) প্রকল্পটির ক্ষেত্রে পরিকল্পনা প্রণয়ন এবং যথাযথ ফিজিবিলিটি স্টাডি হয়েছে কিনা এ বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ থাকতে হবে;
- (১৯) প্রকল্পটির আওতায় বিভিন্ন ধরনের অবকাঠামো যেমন: সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ এবং আবাসিক ভবন নির্মাণে নির্বাচন যথাযথ ছিল কিনা, জমির জটিলতা রয়েছে কিনা এ বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ থাকতে হবে;
- (২০) প্রকল্পের আওতায় নির্মিত সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ এবং আবাসিক ভবন নির্মাণের ফলে পরিবেশের কোন ক্ষতি হয়েছে কি না সে বিষয়ে আলোচ্য প্রকল্পটিতে সুস্পষ্ট রূপরেখা আছে কিনা সে বিষয়ে পর্যবেক্ষণ ও সুপারিশ থাকতে হবে;
- (২১) সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ এবং আবাসিক ভবন নির্মাণে জনগণ কিভাবে উপকৃত হয়েছে সে বিষয়ে বিস্তারিত যাচাই এবং পর্যালোচনা। এক্ষেত্রে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের গাইডলাইন অনুসরণ করা হয়েছে কিনা তা যাচাই এবং পর্যালোচনা;
- (২২) নিয়োগকৃত পরামর্শক প্রতিষ্ঠানের টিম লিডার আইএমই বিভাগে অনুষ্ঠিত বিভিন্ন পর্যায়ের সভা এবং সেমিনারে আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে এবং টিম লিডার কর্তৃক উপস্থাপনা করতে হবে। টিম লিডার ব্যতীত অন্য কোন সদস্যকে উপস্থাপনের সুযোগ দেওয়া হবে না;
- (২৩) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলী।

A

(জ) ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:

| ক্র. | ফার্ম ও ফার্মের পরামর্শক | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|------|--------------------------------|--|--|
| ১) | পরামর্শক প্রতিষ্ঠান | - | <ul style="list-style-type: none"> গবেষণা/ প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা; |
| ২) | ক) টিম লিডার- | অর্থনীতি/পাবলিক এডমিনিস্ট্রেশন/ডেভেলপমেন্ট স্টাডিজ বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; উচ্চতর ডিগ্রি থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে। | <ul style="list-style-type: none"> গবেষণা/স্টাডি পরিচালনায় কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; সংশ্লিষ্ট কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং টিমলিডার হিসেবে কমপক্ষে ৩ (তিন)টি পরিবীক্ষণ ও মূল্যায়ন সমীক্ষা পরিচালনা করার অভিজ্ঞতা; প্রকল্প ব্যবস্থাপনা, পাবলিক প্রকিউরমেন্ট আইন (পিপিএ), পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা (পিপিআর) ও e-GP অনুযায়ী কাজ করার অভিজ্ঞতা; প্রতিবেদন প্রণয়নে বিশেষ দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ৩টি প্রকাশনা থাকতে হবে; উপস্থাপনা দক্ষতা (Presentation Skill) থাকতে হবে। |
| | খ) মিড-লেভেল ইঞ্জিনিয়ারিং | ন্যূনতম সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রি | <ul style="list-style-type: none"> সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ০৮ (আট) বছরের অভিজ্ঞতা এবং সুপারভিশন কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে অভিজ্ঞ ব্যক্তিদের অগ্রাধিকার দেয়া হবে; জলবায়ু পরিবর্তন ও বায়ো ডাইভারসিটি এবং পরিবেশের প্রভাব নির্ণয়ন কাজে অভিজ্ঞতা থাকতে হবে। পাবলিক প্রকিউরমেন্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট (পিপিআর) -এর বিষয়ে কাজ করার অভিজ্ঞতা। এছাড়া e-GP এবং উন্নয়ন সহযোগীর গাইড লাইন অনুযায়ী কাজ করার অভিজ্ঞতা; প্রতিবেদন প্রণয়ন ও কম্পিউটার পরিচালনায় বিশেষ দক্ষতা থাকতে হবে; |
| | গ) ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং | ন্যূনতম ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি থাকতে হবে | <ul style="list-style-type: none"> গবেষণা/স্টাডি পরিচালনায় কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে; পাবলিক প্রকিউরমেন্ট আইন (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা (পিপিআর) -এর বিষয়ে কাজ করার অভিজ্ঞতা। এছাড়া e-GP এবং উন্নয়ন সহযোগীর গাইড লাইন অনুযায়ী কাজ করার অভিজ্ঞতা; প্রতিবেদন প্রণয়ন ও কম্পিউটার পরিচালনায় বিশেষ দক্ষতা থাকতে হবে; |
| | ঘ) ডাটা ম্যানেজমেন্ট বিশেষজ্ঞ | পরিসংখ্যান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি | <ul style="list-style-type: none"> ডাটা ম্যানেজমেন্ট সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; বিভিন্ন Statistical Software পরিচালনায় দক্ষতা; Data Analysis কাজে অভিজ্ঞতা থাকতে হবে; প্রতিবেদন প্রণয়ন ও কম্পিউটার পরিচালনায় বিশেষ দক্ষতা থাকতে হবে; |

(ঝ) নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

| ক্র নং | প্রতিবেদনের নাম | দাখিলের সময় |
|--------|--|----------------------------------|
| ১) | ইনসেপশন রিপোর্ট | চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে |
| ২) | ১ম খসড়া প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে |
| ৩) | ২য় খসড়া প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ৭৮ দিনের মধ্যে |
| ৪) | ওয়ার্কশপের সুপারিশের আলোকে Draft Final Report | চুক্তি সম্পাদনের ৮০ দিনের মধ্যে |
| ৪) | চূড়ান্ত প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে |

(ঞ) ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: ডিপিপি)।
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।


মোঃ আজগর আলী
সহকারী পরিচালক
আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার